**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

আশ্বিন ২৮, ১৪৩২

এফই সার্কুলার পত্র নম্বর-৩৩ তারিখ : ------------------

অক্টোবর ১৩, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে আগস্ট ১৪, ২০২৫ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ৩৩ এর পার্ট-সি তে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনা বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। প্রচলিত আমদানি নীতি আদেশ অনুযায়ী ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় মূল্যসীমা নির্বিশেষে শিল্প আমদানিকারক কাঁচামাল, ক্যাপিটাল মেশিনারি ও ফায়ার ডোর আমদানির জন্য প্রাধিকার প্রাপ্ত; তবে বাণিজ্যিক আমদানি নির্ধারিত মূল্য সীমার মধ্যে রাখতে হবে। এফই সার্কুলার নং ৩৩/২০২৫ এর অনুচ্ছেদ ৩৪(৪) ও ৩৫ এবং পরবর্তী প্রাসংগিক সার্কুলার অনুযায়ী বিলম্ব মূল্য পরিশোধ সুবিধা প্রযোজ্য রয়েছে।

০৩। বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আমদানিকারককে মনোনীত অনুমোদিত ডিলারের নিকট ক্রয়/বিক্রয় চুক্তি (প্রোফর্মা ইনভয়েস) দাখিল করতে হয়। এফই সার্কুলার নং ৩৩/২০২৫-এর অনুচ্ছেদ ৩৪(১)(ক) অনুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংক তা বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করবে। প্রচলিত এলসি পদ্ধতিতে আমদানি মূল্য নিষ্পত্তির জন্য অনুমোদিত ডিলার আমদানিকারকের উপর এক্সপোজার গ্রহণ করে থাকে। তবে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার আমদানিকারকের উপর কোনো এক্সপোজার বা ক্রেডিট লাইন ছাড়াই ইউনিফর্ম রুলস ফর কালেকশনস (ইউআরসি) অনুযায়ী ডকুমেন্টারি কালেকশন সেবা প্রদান করতে পারে।

উপরোক্ত প্রেক্ষাপটে এফই সার্কুলার নং ৩৩/২০২৫-এ বর্ণিত বিধানাবলি পরিপালন সাপেক্ষে আমদানিকারকের উপর এক্সপোজার ব্যতিরেকে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় প্রযোজ্য আমদানি কার্যক্রম পরিচালনার জন্য আমদানিকারকদেরকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩